



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ১৬, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-ও শাখা

আদেশ

তারিখ, ৩১ শ্রাবণ ১৪১১/১৫ আগস্ট ২০০৮

এস, আর, ও নং ২৪৮-আইন/২০০৮ —যেহেতু The Essential Commodities Act, 1957 (Act III of 1957), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর Schedule এর অনুচ্ছেদ (iii) এ বর্ণিত Petroleum and Petroleum Products একটি অত্যাবশ্যকীয় পণ্য বা Essential Commodity; এবং

যেহেতু সরকার এই মর্মে যত্পোষণ করে যে, উক্ত Act এর section 3(1) এর বিধান অনুসারে উক্ত অত্যাবশ্যকীয় পণ্য দেশের ভিত্তিন স্থানে সমতাভিত্তিক বিতরণ এবং ন্যায্যমূল্যে প্রাপ্তি নিশ্চিতসহ উহার উৎপাদন, চলাচল, পরিবহণ এবং বিক্রয়ের উপর নিয়ন্ত্রণ আরোপ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু উক্ত Act এর section 4A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের সকল জেলা প্রশাসককে উক্ত Act এর section 3 এর অধীন উহার যেকোন বা সকল ক্ষমতা প্রয়োগের জন্য এতদ্বারা ক্ষমতা অর্পণ করিল।

২। ইহা ৬ শ্রাবণ, ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ২১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে পরবর্তী ৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ
উপ-সচিব।

যোহান্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারপুর), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৮৩৯)

মূল্য : টাকা ১.০০